



ডিস্ট্রিক্ট অভ  
কলাশ্বিয়ার রাস্তায়  
খুচরো বিক্রয়ের জন্য  
আবেদনের নির্দেশিকা

# সূচিপত্র

রাস্তায় খুচরো বিক্রয়ের সাধারণ  
আবশ্যকতাসমূহ.....1

লাইসেন্সের ধরন.....2

কার্ট ও যানবাহনের স্ট্যান্ডার্ড.....5

খুচরো বিক্রয়ের জায়গাসমূহ.....6



## রাস্তায় খুচরো বিক্রয়ের সাধারণ আবশ্যিকতাগুলি কী কী:

আপনার  
প্রয়োজন  
হবে

- 1 রাস্তায় খুচরো বিক্রয়ের যথাযথ লাইসেন্স
- 2 রাস্তায় খুচরো বিক্রয় করার জন্য যথাযথ স্থানের অনুমতি পত্র
- 3 বিক্রেতা ও বিক্রেতা কর্মী ব্যাজ

## রাস্তায় খুচরো বিক্রয়ের যথাযথ লাইসেন্সের জন্য আবেদন করার ক্ষেত্রে আমার কী প্রয়োজন?

আপনার  
প্রয়োজন  
হবে

নথি	যেখান থেকে এই ফর্মটি পেতে পারেন..
1 শুল্ক নম্বর (যেমন, SSN বা FEIN)	শুল্ক এবং রাজস্বের অফিস
2 নিরপরাধ হওয়ার সনদপত্র	শুল্ক এবং রাজস্বের অফিস
3 অপরাধের ইতিহাসের পুলিশ প্রতিবেদন	ডিসি মেট্রোপলিটন পুলিশ বিভাগ (ডিসি বাসিন্দা) স্থানীয় পুলিশ বিভাগ (অ-ডিসি বাসিন্দা)





## আমার কোন ধরনের রাস্তায় খুচরো বিক্রয়ের লাইসেন্সের প্রয়োজন?

আপনার  
প্রয়োজন  
হবে

আপনি যদি বিক্রয় করেন:	তাহলে আপনার প্রয়োজন হবে:	ফী:	চুক্তি:
খাবার ও খাবার কার্যক্রম	ক্লাস এ লাইসেন্স	\$476	২ বছর
পণ্যদ্রব্য	ক্লাস বি লাইসেন্স	\$408	২ বছর
পাবলিক মার্কেট ম্যানেজার	ক্লাস সি লাইসেন্স	\$433	২ বছর
পরিষেবা (ফটোগ্রাফি, জুতা পালিশ ইত্যাদি)	ক্লাস ডি লাইসেন্স	\$337	২ বছর

## যথাযথ রাস্তায় খুচরো বিক্রয় করার এবং স্থানের অনুমতি পত্র

ক্লাস এ, বি বা ডি-এর লাইসেন্সের কয়েকটি ধরন আছে। আপনি বিক্রয় করার জন্য কোন ধরনের গাড়ি ব্যবহার করবেন তার সিদ্ধান্ত নিন এবং যথাযথ স্থানের অনুমতির জন্য অর্থপ্রদান করুন।

### ১. রাস্তায় খুচরো বিক্রয়ের স্ট্যান্ড এবং ট্রিলি: ফুটপাত খুচরো বিক্রয়

- রাস্তায় খুচরো বিক্রয় করার জন্য যথাযথ স্থানের অনুমতির ফী হল \$1200 / ২ বছর
- এই অনুমতির মাধ্যমে কেবলমাত্র অনুমোদিত এলাকার ফুটপাতে ব্যবসা করা যাবে (কেন্দ্রীয় ভেন্ডিং অঞ্চল এবং আশেপাশের মনোনীত অঞ্চল)।
- বিক্রেতা মালিক তাদের পছন্দের এলাকার জন্য অনুরোধ জানাবেন, তারপর তার সেই অনুরোধ অনুমোদন হয়েছে কিনা তা তাকে বিস্তৃতি দিয়ে জানানো হবে।
- যদি বিক্রেতা কেন্দ্রীয় ভেন্ডিং অঞ্চলে ব্যবসা করেন, তাহলে বিক্রেতাকে চলাচলের রাস্তার 10 ফুটের মধ্যে দোকান করতে হবে। যদি তিনি কেন্দ্রীয় ভেন্ডিং অঞ্চলের বাইরে ব্যবসা করেন তাহলে (অথবা আশেপাশের মনোনীত অঞ্চল), তাকে চলাচলের রাস্তার 7 ফুটের মধ্যে দোকান করতে হবে।
- প্রতিটি বিক্রেতা মালিক পাঁচটি পর্যন্ত ফুটপাতের জায়গা পাবেন।
- যদিও, যেকোনো শহরের ব্লকের একই পাশে সর্বোচ্চ তিনটির বেশি ফুটপাত খুচরো বিক্রয় থাকবে না।

## II. খুচরো বিক্রয়ের যানবাহন: মোবাইল রোডওয়ে ভেন্ডিং (MRV)

- যথায়স্থ স্থানের অনুমতির ফী হল \$600 / 2 বছর (মোবাইল)  
মোবাইল রোডওয়ে ভেন্ডিংয়ের অধীনে 2টি জায়গার বিকল্প রয়েছে:
  1. মনোনীত মোবাইল রোডওয়ে ভেন্ডিং
    - ✓ স্বয়ংক্রিয় মাসিক লটারিতে অংশগ্রহণ করার মাধ্যমে অনুমোদিত MRV সাইটগুলির একটি পাওয়া যাবে। প্রতিটি যানের জন্য এই লটারিতে অংশগ্রহণের অফেরতযোগ্য মাশুল হল \$25।
    - ✓ বিক্রেতার মালিকদেরকে প্রতি মাসে তাদের পছন্দের জায়গার জন্য মনোনীত MRV স্থানগুলির মধ্যে উপলব্ধ স্থানটি পেতে একটি অনলাইন ফর্ম পূরণ করতে বলা হবে।
    - ✓ মালিকদের জন্য যে MRV স্থান নির্ধারণ করা হয় তা গ্রহণ করে ব্যবহার করার ফী হল \$150।
    - ✓ সোম থেকে শুক্রবার সকাল 10:30 থেকে দুপুর 2:30 পর্যন্ত MRV স্থানগুলিতে MRV বিক্রেতাদের জন্য পার্কিং করার স্থান সংরক্ষিত করা থাকে (। রাত্রি 10টা থেকে সকাল 10:30 পর্যন্ত পার্কিং কঠোরভাবে নিষিদ্ধ।)
    - ✓ \_\_পৃষ্ঠায় প্রাথমিক মনোনীত MRV স্থানগুলির একটি তালিকা দেখুন।
  2. ঘুরে ঘুরে
    - ✓ যেকোনো স্থানে আইনগতভাবে পার্ক করে বিক্রেতার সোথানে বিক্রয় করতে পারবেন এবং এর জন্য তাঁদেরকে মিটার ফী দিতে হয় এবং সময় সীমাবদ্ধতা মেনে চলতে হয়।
    - ✓ বিক্রেতার উন্মুক্ত ফুটপাথের 6 ফুটের মধ্যে দোকান করতে পারেন।
    - ✓ বিক্রেতার মনোনীত MRV লটারির স্থানগুলির থেকে 200 মিটারের মধ্যে বিক্রয় করতে পারবেন।



### III. খুচরো বিক্রয়ের যানবাহন : আইসক্রিম বিক্রেতা

- সমগ্র শহরে খুচরো বিক্রয়ের যান নিয়ে বিক্রয় করা অনুমতিপ্রাপ্ত কিন্তু এক জায়গায় “দাঁড়িয়ে” বিক্রয় করা যাবে না (যদি কোনো গ্রাহক না থাকে তাহলে বিক্রেতাকে অবিলম্বে সেই জায়গা ছেড়ে এগিয়ে যেতে হবে)।
- যান(গুলি) কেবল তখনই পার্ক করা যাবে যখন গ্রাহক থাকবেন।
- দাঁড়ানোর সময় যান(গুলি) কে অবশ্যই আইন মেনে পার্ক করতে হবে।

### IV. ট্রাক/ট্রেলার: স্টেশনারি রোডওয়ে

- স্টেশনারি রোডওয়ের যথাযথ স্থানের অনুমতির ফী হল \$450।
- খুচরো বিক্রয়ের স্থানগুলি লটারির ফলাফলের ভিত্তিতে প্রাপ্ত হয়, যা প্রতি মাসের প্রতি সপ্তাহের প্রতিদিন নিয়োগ করা হয়।
- ন্যাশনাল মল এবং ইলিপস-এর চারপাশের 73টি ভেন্ডিং স্থানের বিকল্প রয়েছে।
- মাসিক লটারির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট সম্পন্ন করা হয়।
- প্রতি মাসের প্রতি সপ্তাহের প্রতিদিন লটারির ফলাফল অনুযায়ী বিক্রেতাদের নির্দিষ্ট স্থান জানানো হয়।

**দ্রষ্টব্য:** ট্রাকগুলি মোবাইল রোডওয়ে ভেন্ডিং বা আইসক্রিম ভেন্ডিংয়ের জন্য আবেদন করতে পারে, অন্যদিকে ট্রেলারগুলি শুধুমাত্র স্টেশনারি রোডওয়ে ভেন্ডিংয়ের জন্য আবেদন করতে পারে

### ক্লাস সি লাইসেন্সের জন্য: পাবলিক মার্কেট ভেন্ডর

- পাবলিক মার্কেটের জন্য বিক্রেতাদের প্রত্যেকের আলাদা আলাদা লাইসেন্সের প্রয়োজন নেই।
- যখন পাবলিক মার্কেটে কেনা বেচা হয় তখন, ম্যানেজার বা বিক্রেতা বা কর্মী সেইখানে উপস্থিত থাকবেন।





## বিক্রেতা এবং বিক্রেতা কর্মী ব্যাজ

- প্রতিটি ভেন্ডর ওপারেটরের একটি ব্যাজ আছে যেটি ব্যবসার লাইসেন্সের সঙ্গে দেওয়া হয়।
- প্রতিটি অতিরিক্ত কর্মী ব্যাজের জন্য \$55 করে লাগবে (মালিকের কোনো অর্থ লাগবে না)
- ব্যবসার লাইসেন্সের মেয়াদ যেদিন উত্তীর্ণ হয়ে যাবে সেই একই দিনে ব্যাজের মেয়াদ উত্তীর্ণ হয়ে যাবে

দ্রষ্টব্য: বিক্রেতা মালিক এবং বিক্রেতা কর্মী অদলবদল হতে পারে (যেমন বিক্রেতা মালিকগণ অন্য মালিকের বিক্রেতা কর্মী হতে পারেন)

### রাস্তায় খুচরো বিক্রয়ের গাড়ির নকশার শর্তাবলী:

1. পণ্যদ্রব্য 4½ ফুট x 7 ফুট
2. ফুড কার্ট 5½ ফুট x 8 ফুট
  - ✓ 1টি ছাতা বা শামিয়ানা
  - ✓ 2টি কুলার
  - ✓ জনসাধারণের স্থানে কোনো কিছু মজুদ করা যাবে না

### রাস্তায় খুচরো বিক্রয়ের যানের নকশার শর্তাবলী:

- ✓ 18'6 ফুট দৈর্ঘ্য
- ✓ 8 ফুট প্রস্থ
- ✓ 10'6 ফুট উচ্চতা

### সব বিক্রেতার পণ্যদ্রব্য বিক্রয়ের সময়:

আবাসিক এলাকা

- ✓ ভোর 5টা থেকে রাত্রি 10 টা - সপ্তাহে 7 দিন

বাণিজ্যিক এলাকা

- ✓ রবিবার - বৃহস্পতিবার ভোর 5টা থেকে রাত্রি 10 টা পর্যন্ত
- ✓ শুক্রবার - শনিবার ভোর 5টা থেকে রাত্রি 1 টা পর্যন্ত





## কেন্দ্রীয় ব্যবসা রাস্তায় খুচরো বিক্রয়ের অঞ্চল



Beef Sausages

HOT DOG CHILI DOG

Shofar Kosher Franks



NIPAS

HOT DOG CHILI DOG

Shofar Kosher Franks



All Beef Hot Dogs

HOT DOG CHILI DOG

Shofar Kosher Franks



PRODOTTO  
IN  
ITALIA  
MOSCHIANO  
(MELLINO)  
ITALY  
STERILIZED  
CHESTNUTS

নিচের এজেন্সিগুলোর সাথে একসাথে কাজ করে এই খুচরো বিক্রয়ের নির্দেশিকাটি তৈরি করা হয়েছে

